# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র বিষয় কোড: ২৭৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶রকিবুল ইসলাম একটি উৎপাদনধর্মী কোম্পানির ব্যবস্থাপক। তিনি কর্মীদের বাজারমূল্যে পারিশ্রমিক দিতে পারছেনা। ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে। এ অবস্থা মোকাবিলা করে তিনি একটি সুষ্ঠু পরিবেশ গড়তে চান।

ক. পারিশ্রমিকের নীতি কী? ১

খ. যথাযথ পারিশ্রমিক কীভাবে কাজের মান বৃদ্ধি করে? ২

গ. রকিবুল ইসলামের ব্যবস্থাপনায় তার প্রতিষ্ঠানের কোন নীতি লংঘন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. রকিবুল ইসলামের ব্যবস্থানায় উক্ত নীতির প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো। ৪

২.▶সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থীদের মাসিক পাঠ মূল্যায়ন কর্মশালায় বিভাগের প্রধান স্যার ব্যবস্থাপনা ও প্রশাসন সম্পর্কে বক্তব্য রাখেন। তিনি বলেন পরিবার, সমাজ, রাষ্ট্র প্রতিটি একটি প্রতিষ্ঠান। আর প্রাতিষ্ঠানিক উদ্দেশ্যজর্নে ব্যবস্থাপনার ভূমিকা সর্বাধিক।

ক. ব্যবস্থাপনায় 6M কী? ১

খ. POSDCORB ও CO দ্বারা কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. পরিবারকে যদি একটি প্রতিষ্ঠান ধরা হয় তাহলে এর সফলতায় ব্যবস্থাপনার ভূমিকা বর্ণনা করো। ৩

ঘ. 'ব্যবস্থাপনা ও প্রশাসন' সম্পর্কে বিভাগীয় প্রধান স্যারের বক্তব্য কী ছিল। মূল্যায়ন করো। ৪

৩.▶আনোয়ার সাহেব একটি উৎপাদন প্রতিষ্ঠানের মালিক। তার কারখানায় উৎপাদিত হয় মানুষের নিত্য ব্যবহার্য বিভিন্ন দ্রব্যাদি। প্রথমে খুব ঘটা করে যাত্রা শুরু করলেও পণ্যগুলোর বাজারের অবস্থা খুবই করুন। ভোক্তারা এ দ্রব্যগুলোকে ভালোভাবে গ্রহণ করছেন না। মুনাফাতো দূরের কথা লগ্নিকৃত অর্থই ফেরত আসছে না।

ক. সমস্যা বিশ্লেষণের পরবর্তী ধাপ কী? ১


খ. সিদ্ধান্ত গ্রহণে অধস্তন কর্মীর সাথে আলোচনা করা প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকের অবস্থা থেকে উত্তরণের সিদ্ধান্ত গ্রহণের জন্য আনোয়ার সাহেবকে কী করতে হবে। ৩

ঘ. আনোয়ার সাহেব সঠিক সিদ্ধান্ত গ্রহণে আরও বেশ কয়েকটি স্তর অতিক্রম করতে হবে। ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

৪.▶




ক. ব্যবস্থাপনার সংগঠন কত প্রকার? ১

খ. সংগঠনকে বুঝিয়ে লিখ। ২

গ. উক্ত সংগঠন কাঠামোটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সংগঠন কাঠামোর সুবিধাসমূহ লেখ। ৪

৫.▶




Teachingbd.com

ক. জনশক্তি কোন সম্পদ? ১

খ. কর্মীসংস্থান বলতে কী বোঝ? ২

গ. ছকে '?' চিহ্নিত স্থানটি কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত বিষয়টি সম্পন্ন হলেই প্রতিষ্ঠানের কার্যসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়- যুক্তিকতা বিচার করো। ৪

৬.▶মি. সাইফুল ইসলাম ঝিলমিল টেক্সটাইল লি: এর ব্যবস্থাপক। তিনি কর্মীদের মতামত গুরুত্ব না দিয়ে কর্মীদের কাজ করতে বাধ্য করেন। ফলে কর্মীদের মাঝে অসন্তোষ বিরাজ করেন এবং উৎপাদনের পরিমাণ ও মান হ্রাস পায়। এরূপ সংকট নিরসনে তিনি কর্মীদের মূল্যায়নের ওপর গুরুত্ব আরোপ করেন।

ক. নির্দেশনা কী? ১

খ. পরামর্শমূলক নির্দেশনা কেন উত্তম? ২

গ. মি. সাইফুল কোন ধরনের নেতৃত্ব গ্রহণ করতে পারেন? বিশ্লেষণ করো। ৩

ঘ. উক্ত সংগঠনের পরামর্শমূলক নির্দেশনার অসুবিধা কী আলোচনা করো। ৪

http://teachingbd.com

৭. ▶




ক. জৈবিক চাহিদা কী? ১

খ. কর্মীরা কাজ করার আগ্রহ হারায় কেন? ২

গ. চিত্রে কোন কাজের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মানুষ/প্রাণীর মধ্যে উক্ত প্রক্রিয়া আজীবন চলতে থাকে উক্তিটির সত্যতা যাচাই করো। ৪

৮. ▶ জনাব হকের প্রতিষ্ঠানের সব কাজ যথাসময়ে সম্পন্ন হয় না। ফলে ব্যবসায়িক কার্যক্রম বাধাগ্রস্থ হয় যা প্রতিষ্ঠানের উন্নয়নকে ব্যাহত করেন। ফলে সে প্রতিযোগিতার বাজারে পিছিয়ে পড়ে।

ক. আদেশের ঐক্যকে কী বলে? ১

খ. সমন্বয়ের ব্যাপকতার নীতি বলতে কী বোঝ? ২

গ. জনাব হকের প্রতিষ্ঠানের উন্নয়নকে বাধাগ্রস্থ করে কোনটি? ব্যাখ্যা করো।৩

ঘ. জনাব হকের প্রতিষ্ঠানের উন্নয়ন সাধন করার উপায় বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৯. ▶ → → → →

| | | | |
|---|---|---|---|
| ১. কার্যফল পরিমাপ | ২. বিচ্যুতি নিরূপন | ৩. বিচ্যুতি মূল্যায়ন | সংশোধন মূলক ব্যবস্থা গ্রহণ |

ক. বাজেট কী? ১

খ. নিয়ন্ত্রণে পরে কী কোন ধাপ আছে, যদি থাকে তাহলে সেটা কী? ব্যাখ্যা করো। ২

গ. উপরের রেখাচিত্রটি ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের সাথে সঙ্গতিপূর্ণ বলে মনে হয়- ব্যাখ্যা করো। ৩

ঘ. উপরের রেখাচিত্রটি অসম্পূর্ণ এবং সে কারণেই অকার্যকর-এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনটি কাজের ভিতরে প্রশিক্ষণ পদ্ধতি?**
ⓚ সেমিনার ⓚh পদ পরিবর্তন

ক) সেমিনার খ) পদ পরিবর্তন
গ) কোচিং ঘ) লেকচার পদ্ধতি

**২. ছবি পাবলিকেশন্স কর্মী নিয়োগের পর শর্ত সাপেক্ষে বিশেষজ্ঞের অধীনে ৬ মাসের প্রশিক্ষণ দেয়। এটি কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতি?**
ক) পর্যবেক্ষণ খ) পরামর্শ দান
গ) ঘটনা পদ্ধতি ঘ) শিক্ষানবিস

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জাগরণ কোম্পানির মহাব্যবস্থাপক মি. রাকিব। তিনি বড় অঙ্কের বেতন ছাড়াও কোম্পানি প্রদত্ত মার্সিডিস গাড়ি এবং ডুপ্লেক্স বাড়ি পান। প্রায়ই কোম্পানির নিজ খরচে তিনি ইউরোপ আমেরিকা ভ্রমণ করেন।


**৩. মি. রাকিব মাসলোর প্রেষণা তত্ত্বের কোন স্তরে অবস্থান করছেন?**
ক) ৪র্থ স্তর খ) ৫ম স্তর
গ) ২য় স্তর ঘ) ৩য় স্তর

**৪. প্রাপ্ত সুযোগ-সুবিধার কারণে মি. রাকিবের—**
i. মনোবল বৃদ্ধি পায়
ii. উৎপাদনে সন্তুষ্টি বৃদ্ধি পায়
iii. কার্য সন্তুষ্টি বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. 'Dual subordination' বিষয়টি ব্যবস্থাপনার কোন নীতির পরিপন্থী।**
ক) শৃঙ্খলা খ) দায়িত্ব ও কর্তৃত্ব
গ) আদেশের ঐক্য ঘ) নির্দেশনার ঐক্য

**৬. কলেজের বনভোজন সম্পন্ন করতে চারটা সাবকমিটি করা হয়েছে। এক্ষেত্রে উদ্দেশ্যার্জনে নিচের কোন কাজটি অধিক গুরুত্বপূর্ণ?**
ক) সংগঠন খ) প্রেষণা
গ) নির্দেশনা ঘ) সমন্বয়

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**




**৭. চিত্রে প্রদর্শিত কাঠামোটি কোন ধরনের?**
ক) সরলরৈখিক খ) কার্যভিত্তিক
গ) মেট্রিক্স ঘ) কমিটি

**৮. উক্ত কাঠামোটি যে ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য, তা হলো—**
i. ক্ষুদ্রায়তন ii. মাঝারি
iii. বৃহদায়তন
**নিচের কোনটি সঠিক?**
ক) ii ও iii খ) i ও iii গ) i ও ii ঘ) i, ii ও iii

**৯. 'The principles of Scientific Management'- গ্রন্থটির লেখক কে?**
ক) হেনরি ফেয়ল খ) এফ ডব্লিউ টেলর
গ) এলটন মেয়ো ঘ) রবার্ট ওয়েন

**১০. পরামর্শমূলক নির্দেশনার সাথে কোন ধরনের নেতৃত্বের মিল আছে?**
ক) গণতান্ত্রিক খ) স্বৈরতান্ত্রিক
গ) পিতৃসুলভ ঘ) লাগামহীন

**১১. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কোনটি?**
ক) সংগঠন খ) প্রেষণা
গ) পরিকল্পনা ঘ) কর্মীসংস্থান

**উদ্দীপকটি পড়ো এবং ১২নং প্রশ্নের উত্তর দাও।**
একটি বহুজাতিক কোম্পানি উৎপাদন বিভাগের জন্য ১০ জন কর্মী নিয়োগ করেছেন। তাদেরকে কর্মে দক্ষ করে তুলতে হবে।

**১২. বর্ণিত উদ্দীপকের ক্ষেত্রে প্রশিক্ষণের যে পদ্ধতি উপযুক্ত তা হলো—**
i. প্রবেশন ii. পদ পরিবর্তন
iii. পর্যবেক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i, ii ও iii
গ) ii ও iii ঘ) i ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**
ডায়মন্ড ফ্যাশনের ব্যবস্থাপক নোটিশের মাধ্যমে কর্মীদের মে দিবসের ছুটি ঘোষণা দিলেন।

**১৩. উদ্দীপকে বর্ণিত কাজটি কোন ধরনের যোগাযোগের অন্তর্ভুক্ত?**
ক) আনুষ্ঠানিক খ) অনানুষ্ঠানিক
গ) সমান্তরাল ঘ) মৌখিক

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
সনি গ্রুপের এমডি দেশের শীতার্তদের শীতবস্ত্র বিতরণের সিদ্ধান্ত নেন এবং এলক্ষ্যে শুধুমাত্র ২০১৪ সালে ২০% অতিরিক্ত শীতবস্ত্র উৎপাদনের পরিকল্পনা নেন। কিন্তু, উৎপাদন বিভাগ যথাসময়ে ক্রয় বিভাগকে বিষয়টি অবহিত না করায় কাঁচা মালের অভাবে উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

**১৪. উদ্দীপকে সনি গ্রুপের পরিকল্পনাটি প্রকৃতিভেদে কোন ধরনের পরিকল্পনা?**
ক) স্থায়ী খ) একার্থক
গ) কার্যভিত্তিক ঘ) লক্ষ্য

**১৫. উদ্দীপকের প্রতিষ্ঠানটির উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ হলো—**
ক) নির্দেশনার অভাব খ) প্রেষণার অভাব
গ) সমন্বয়ের অভাব ঘ) নিয়ন্ত্রণের অভাব

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
'Z' কোম্পানি বর্তমানে তীব্র প্রতিযোগিতামূলক বাজারে এগিয়ে যাওয়ার জন্য আগামী ৫ বছরের মধ্যে তাদের পণ্য সারিতে ১০টি নতুন আইটেম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে।

**১৬. উদ্দীপকে 'Z' কোম্পানির পরিকল্পনাটি কোন ধরনের পরিকল্পনা?**
ক) কার্যভিত্তিক খ) সামগ্রিক
গ) দীর্ঘমেয়াদি ঘ) কৌশলগত

**১৭. পদ মর্যাদা হতে সৃষ্ট নেতৃত্বকে বলা হয়?**
ক) আনুষ্ঠানিক নেতৃত্ব খ) অনানুষ্ঠানিক নেতৃত্ব
গ) কর্মকেন্দ্রিক নেতৃত্ব ঘ) কর্মীকেন্দ্রিক নেতৃত্ব

**১৮. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) হ্যারল্ড কুঞ্জ খ) হেনরি ফেয়ল
গ) নিউম্যান ঘ) টেলর

http://teachingbd.com

১৯. প্রতিষ্ঠানের উচ্চস্তরে অবস্থান করে—
ক) ব্যবস্থাপনা খ) প্রশাসন
গ) পরিচালনা পর্ষদ ঘ) কর্তৃপক্ষ

২০. নীতি কোন ধরনের পরিকল্পনা?
ক) একার্থক খ) সামগ্রিক
গ) লক্ষ্য ঘ) স্থায়ী

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
রাবেয়া ট্রান্সপোর্টের ব্যবস্থাপক প্রতিষ্ঠানটির লক্ষ্য নির্ধারণ করে যাবতীয় দায়িত্ব কর্মীদের ওপর ছেড়ে দেন। কর্মীরা তাদের ইচ্ছেমত কাজ করেন এবং যাবতীয় সিদ্ধান্তও তারাই নিয়ে থাকেন। ফলে প্রতিষ্ঠানটির কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জিত হয়।

২১. রাবেয়া ট্রান্সপোর্ট কোন ধরনের নেতৃত্ব বিরাজ মান?
ক) স্বৈরতান্ত্রিক খ) পিতৃসুলভ
গ) লাগামহীন ঘ) আনুষ্ঠানিক

২২. উক্ত নেতৃত্বের ফলে রাবেয়া ট্রান্সপোর্ট—
i. কর্মীদের স্বেচ্ছাচারিতা বাড়বে
ii. কর্মীরা পূর্ণ স্বাধীনতা ভোগ করে
iii. কর্মী সন্তুষ্টি অর্জিত হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
ক) চার্ট খ) বাজেট
গ) প্রতিবেদন ঘ) তালিকা

২৪. প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কুক্ষিগত করে রাখাকে বলে—
ক) আদেশের ঐক্য খ) নির্দেশনার ঐক্য
গ) বিকেন্দ্রীকরণ ঘ) কেন্দ্রীকরণ

২৫. প্রতিষ্ঠানে সমন্বয়সাধন কেন প্রয়োজন?
ক) লক্ষ্য অর্জনে দলীয় প্রচেষ্টা সংহতকরণ
খ) প্রাতিষ্ঠানিক মুনাফা সর্বোচ্চকরণ
গ) সমন্বিত সুযোগ-সুবিধা অর্জন
ঘ) কর্মীদের জবাবদিহিতা নিশ্চিতকরণ

২৬. নিচের কোনটির মাধ্যমে পরিকল্পনা সংশোধন করা হয়?
ক) প্রেষণা খ) নিয়ন্ত্রণ
গ) নির্দেশনা ঘ) সংগঠন

২৭. নিরপেক্ষ আচরণ ব্যবস্থাপনার কোন নীতির সমার্থক?
ক) শৃঙ্খলা খ) বিকেন্দ্রীকরণ
গ) সাম্য ঘ) নির্দেশনা ঐক্য

২৮. কোন সংগঠন কাঠামো অনুযায়ী বিশেষজ্ঞ কর্মী নির্বাহীর দায়িত্ব পালন করে?
ক) সরলরৈখিক খ) কার্যভিত্তিক
গ) সরলরৈখিক ঘ) পিতৃসুলভ

২৯. হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী প্রেষণাদানকারী উপাদান কোনটি?
ক) বেতন খ) চাকরির নিরাপত্তা
গ) কাজের পরিবেশ ঘ) স্বীকৃতি

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আবুল কাশেম যমুনা পাবলিকেশন্স এর ব্যবস্থাপনা পরিচালক। প্রতিষ্ঠানের বিপণন ব্যবস্থাপক রাজির হোসেন রাজশাহী অঞ্চলের লাইব্রেরিসমূহ পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রস্তুত করেন। প্রতিবেদনটি তিনি ফ্যাক্সযোগে ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করেন।

৩০. প্রতিবেদন প্রেরণের মাধ্যমে যমুনা পাবলিকেশন্স এ কোন ধরনের যোগাযোগ স্থাপিত হয়েছে?
ক) ঊর্ধ্বগামী খ) নিম্নগামী
গ) সমান্তরাল ঘ) কৌণিক

৩১. উদ্দীপকের যোগাযোগ স্থাপনে—
i. কম্পিউটার প্রযুক্তি ব্যবহৃত হয়েছে
ii. লিখিত পদ্ধতি ব্যবহৃত হয়েছে
iii. আনুষ্ঠানিক পদ্ধতি ব্যবহৃত হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. কোনটি আধুনিক সংগঠন কাঠামো?
ক) সরলরৈখিক খ) সরলরৈখিক ও পদস্থকর্মী
গ) কার্যভিত্তিক ঘ) মেট্রিক্স

**উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মা মণি ফ্যাশনস লি. প্রতি মাসে ৭,২০০ পিস শার্ট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উৎপাদন ব্যবস্থাপক সপ্তাহ শেষে কার্যফল মূল্যায়ন করতে গিয়ে দেখেন ১,২০০ পিস শার্ট উৎপাদিত হয়েছে, যা লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি এ অবস্থা থেকে উত্তরণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন।

৩৩. উদ্দীপকে উৎপাদন ব্যবস্থাপক ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেছেন?
ক) পরিকল্পনা খ) নিয়ন্ত্রণ
গ) সমন্বয় ঘ) নির্দেশনা

৩৪. প্রতিষ্ঠানটির সাপ্তাহিক উৎপাদন লক্ষ্যমাত্রা কত পিস শার্ট?
ক) ১৮০০ খ) ৭২০০
গ) ১২০০ ঘ) ৬০০

৩৫. কোন ধরনের সংগঠন কাঠামোতে নির্বাহী ও উপদেষ্টা কর্মীদের মধ্যে দ্বন্দ্ব দেখা দেয়?
ক) সরলরৈখিক
খ) সরলরৈখিক ও পদস্থকর্মী
গ) কার্যভিত্তিক ঘ) কমিটি

৩৬. ব্যবস্থাপনার কোন কাজটি প্রতিষ্ঠানের কর্মীদের মতানৈক্য দূর করতে সাহায্য করে?
ক) পরিকল্পনা খ) সংগঠন
গ) সমন্বয়-সাধন ঘ) নিয়ন্ত্রণ

৩৭. যোগাযোগ প্রক্রিয়ায় প্রাপক কর্তৃক তথ্য গ্রহণ করে সাজানোকে বলা হয়—
ক) এনকোডিং খ) ডিকোডিং
গ) বার্তা ঘ) ফলাবর্তন

৩৮. আধুনিক তথ্য-প্রযুক্তিনির্ভর মৌলিক যোগাযোগের পদ্ধতি হলো—
i. অডিও কনফারেন্সি ii. কনফারেন্স
iii. ভিডিও কনফারেন্সিং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) i ও ii ঘ) i, ii ও iii

৩৯. কোন নিয়ন্ত্রণে কৌশলের ক্ষেত্রে কাজের বিভিন্ন অংশের শুরু ও শেষ সময় মোটা দাগের দ্বারা চিহ্নিত করা হয়?
ক) পার্ট খ) পাই চার্ট
গ) গ্যান্ট চার্ট ঘ) ব্রেক ইভেন-বিন্দু

৪০. সংখ্যাত্মক উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে—
i. দৈনিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষন করা হয়
ii. সাপ্তাহিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষণ করা হয়
iii. বার্ষিক উৎপাদনের পরিমাণ বিশ্লেষণ করা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com